দৈনিক খবর

তারিখ 14 SEP 1992
পৃষ্ঠা ১ ... ২

160

দু'টি কাটা রাইফেল ও কিছু গুলী উদ্ধার ঃ ৩ জন বহিরাগত আটক

# শেষ রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিনটি হলে পুলিশের অভিযান

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল ভোরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিনটি হলে তল্লাশি অভিযান চালিয়ে পুলিশ দু'টি কাটা রাইফেল, কিছু গুলী, টেলিফোনের হ্যান্ড সেট উদ্ধার এবং তিনজন বহিরাগতকে গ্রেফতার করেছে।

জানা গেছে, ভোর চারটা থেকে তল্লাশি অভিযান শুরু হয়। হলে অবস্থানরত সব ছাত্ররা এ সময় ঘুমন্ত অবস্থায় ছিল। পুলিশ হলে প্রবেশ করার পর কিছুসংখ্যক কনস্টেবল বিভিন্ন রুমের দরজায় জোরে জোরে লাথি মারতে থাকে এবং উচ্চস্বরে ছাত্রদের জাগানোর চেষ্টা করেছে বলে ছাত্ররা অভিযোগ করেছে।

বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হল, স্যার সলিমুল্লাহ হল ও জগন্নাথ হলে এ তল্লাশি অভিযান চালানো হয়। জহুরুল হক হল থেকে পুলিশ দু'জন বহিরাগতকে গ্রেফতার করে এবং একটি থ্রি নট থ্রি কাটা রাইফেল ও সাত রাউন্ড রাইফেলের গুলী উদ্ধার করে। এস এম হল থেকে পুলিশ একজন বহিরাগতকে গ্রেফতার এবং ৫৪

২ এর পাতায় দেখুন

প্রথম পৃষ্ঠার পর

রাউন্ড গুলীসহ একটি কাটা রাইফেল উদ্ধার করে। এছাড়াও তিনটি টেলিফোনের হ্যান্ড সেট ও চারটি হাতবোমা উদ্ধার করা হয়। পুলিশ জানিয়েছে, অস্ত্র গুলী বোমা ও টেলিফোনের হ্যান্ড সেট পরিত্যক্ত অবস্থায়ছিল।

গ্রেফতারকৃত তিনজনকে পুলিশ কন্ট্রোলরুমে ব্যাপক জিজ্ঞাসাবাদ করা হয়েছে। তারা ঐ হলগুলোতে তাদের আত্মীয়–স্বজনের কাছে বেড়াতে এসেছিল বলে জানিয়েছে। গ্রেফতারকৃতদের মধ্যে ইমরোকা হোসেন ও আবুল কালাম আজাদ ওরফে সবুজকে জহুরুল হক হল থেকে এবং মোঃ সেলিম আহমেদকে (২১) এস এম হল থেকে গ্রেফতার করা হয়। এদেরকে অবৈধভাবে হলে অবস্থানের কারণে গ্রেফতার করা হয়েছে বলে পুলিশ সূত্রজানিয়েছে।

এদিকে গতকাল ভোর রাতে তিনটি হলে তল্লাশি অভিযানের প্রতিক্রিয়া জানিয়ে ছাত্ররা অভিযোগ করেছে, পুলিশ এ অভিযানের সময় ডাকাতের মতো আচরণ প্রদর্শন করেছে। তারা জানিয়েছে, হলে অবস্থানরত অধিকাংশ ছাত্রেরই এখন পরীক্ষা চলছে। গভীর রাত পর্যন্ত পড়াশোনা করে তারা ঘুমিয়ে পড়ার পর পুলিশ হলে প্রবেশ করেই বিভিন্ন দরজায় আওয়াজ তুলে ছাত্রদের ডাকতে থাকে এবং বিভিন্ন কক্ষের দরজায় লাথি ও রাইফেলের বাটের আঘাত করতে থাকে। ঘুমন্ত ছাত্রদের অনেকেই এ শব্দে ঘুম ভেঙে আতংকিত হয়ে পড়ে। অনেকে ভয়ে রুমের জানালা থেকে লাফিয়ে পড়ে মৃদু আহত হয়েছে বলেও জানা যায়।